প্রাপক এবং সেবাপ্রদানকারীদের জন্য তথ্য পত্র

18 বছর বা তার বেশী বয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধ করার উদ্দেশ্যে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের আপতকালীন ব্যবহারের অনুমোদন (EUA)

SARS-CoV-2 এর কারণে হওয়া করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধ করার জন্য আপনাকে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক দেওয়া হচ্ছে। এই তথ্য পত্রটিতে এমন তথ্য দেওয়া আছে যা আপনাকে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেওয়ার ঝুঁকি এবং সুবিধাগুলি সম্পর্কে বুঝতে সাহায্য করবে, যেটা আপনাকে দেওয়া হতে পারে কারণ বর্তমানে কোভিড-19 এর বিশ্বব্যাপী অতিমারী চলছে ।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক আপনাকে হয়ত কোভিড-19 এর সংক্রমণ থেকে প্রতিরোধ করতে পারে। কোভিড-19 প্রতিরোধ করার জন্য ইউনাইটেড স্টেটস খাদ্য এবং ওষুধ প্রশাসন (FDA) দ্বারা অনুমোদিত কোনো প্রতিষেধক উপলব্ধ নয়।

কোভিড-19 প্রতিষেধকের সম্পর্কে তথ্যগুলির জন্য এই তথ্য পত্রটি পড়ুন। যদি আপনার কোনো প্রশ্ন থেকে থাকে তাহলে প্রতিষেধক প্রদানকারীর সঙ্গে কথা বলুন। জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক গ্রহণ করা আপনার পছন্দ।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক মাংসপেশী বা মাসলে **একটিমাত্র ডোজে** দেওয়া হয়।
জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক হয়ত সবাইকে সুরক্ষাপ্রদান করতে পারবে না।

এই তথ্য পত্রটি আপডেট করা হতে পারে। সাম্প্রতিকতম তথ্য পত্রের জন্য, অনুগ্রহকরে এখানে দেখুন - www.janssencovid19vaccine.com

এই প্রতিষেধকটি গ্রহণকরার আগে আপনার কি কি জানা প্রয়োজন

কোভিড-19 কি ?

কোভিড-19 রোগটি SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা সংক্রমণের ফলে ঘটে। এই ধরণের করোনাভাইরাস আগে দেখা যায় নি। ভাইরাস দ্বারা সংক্রামিত অন্য কোন ব্যক্তির সঙ্গে সংস্পর্শের মাধ্যমে আপনার কোভিড-19 হতে পারে। এটি মূলত একটি শ্বাসযন্ত্রের অসুস্থতা যা অন্যান্য অঙ্গগুলিকেও প্রভাবিত করতে পারে। কোভিড-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরণের লক্ষণ দেখা গেছে যা হালকা লক্ষণ থেকে শুরু করে গুরুতর অসুস্থতা পর্যন্ত। ভাইরাস থেকে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলি দেখা দিতে পারে। সাধারণ লক্ষণগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: জ্বর বা শীত অনুভব; কাশি; নিঃশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরের ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না পাওয়া; গলা ব্যথা; কনজেশন বা সর্দি; বমি বমি ভাব বা বমি; ডায়রিয়া বা পাতলা পায়খানা।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক কি?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক একটি অননুমোদিত প্রতিষেধক যা হয়ত কোভিড-19 প্রতিরোধ করতে পারে। কোভিড-19 প্রতিরোধ করার মত কোনো FDA-অনুমোদিত প্রতিষেধক নেই।

এফডিএ, আপৎকালীন ব্যবহারের অনুমোদন (EUA)-এর অধীনে 18 বছর বা তার বেশী বয়স্ক ব্যক্তিদের ক্ষেত্রে কোভিড-19 প্রতিরোধ করার উদ্দেশ্যে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের আপৎকালীন ব্যবহারের অনুমোদন দিয়েছে।

EUA সম্পর্কিত আরও তথ্যের জন্য, এই তথ্য পত্রের শেষে **"আপৎকালীন ব্যবহারের অনুমোদন (EUA) কি?"**- বিভাগটি দেখুন।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেওয়ার আগে আপনার প্রতিষেধক প্রদানকারীকে কি কি উল্লেখ করা প্রয়োজন?

প্রতিষেধক প্রদানকারীকে আপনার চিকিৎসাগত সমস্ত অবস্থার কথা বলুন, যার মধ্যে রয়েছে যদি আপনারঃ

- কোনো অ্যালার্জি থাকে,
- জ্বর থাকে,
- রক্তক্ষরণের অসুস্থতা রয়েছে বা রক্ত পাতলা করার ওষুধ চলছে,
- রোগপ্রতিরোধক্ষমতা নেই (ইমিউনোকম্প্রোমাইজড) বা এমন কোনও ওষুধ খাচ্ছেন যা আপনার রোগপ্রতিরোধক্ষমতাকে প্রভাবিত করে,
- গর্ভবতী বা গর্ভবতী হওয়ার পরিকল্পনা করছেন,
- স্তনদানকারী,
- অন্য কোনো কোভিড-19 প্রতিষেধক গ্রহণ করেছেন।

কাদের জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেওয়া উচিৎ?

এফডিএ (FDA) 18 বছর বা তার চেয়ে বেশী বয়স্ক ব্যক্তিদের জন্য জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের আপৎকালীন ব্যবহারের অনুমোদন দিয়েছে।

কাদের জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেওয়া উচিৎ নয়?

আপনার জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেওয়া উচিৎ নয় যদি আপনারঃ

- এই প্রতিষেধকের কোনও একটি উপাদানে মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া হয়।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের উপাদানগুলি কি কি?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের মধ্যে এই উপাদানগুলি রয়েছেঃ রিকমবিন্যান্ট, রেপ্লিকেশন-অক্ষম অ্যাডেনোভাইরাস টাইপ 26 যা SARS-CoV-2 স্পাইক প্রোটিন প্রদর্শন করে, সাইট্রিক অ্যাসিড মনোহাইড্রেট, ট্রাইসোডিয়াম সাইট্রেট ডাইহাইড্রেট, ইথানল, 2-হাইড্রক্সিপ্রোপাইল- β-সাইক্লোডেক্সট্রিন (HBCD), পলিসরবেট-80, সোডিয়াম ক্লোরাইড

কিভাবে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক দেওয়া হয়?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক আপনাকে মাংশপেশী বা মাসলে ইঞ্জেকশনের মাধ্যমে দেওয়া হবে।
জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের সময়সূচী হল **একটিমাত্র ডোজ।**

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক কি আগে ব্যবহৃত হয়েছে?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক একটি অননুমোদিত প্রতিষেধক। বর্তমানে চলছে এমন একটি ক্লিনিক্যাল ট্রায়ালে, 18 বছর বা তার বেশী বয়স্ক 21,895 জন ব্যক্তিদের জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক গ্রহণ করেছেন।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের সুবিধাগুলি কি কি?

বর্তমানে চলতে থাকা ক্লিনিক্যাল ট্রায়ালে, একটিমাত্র ডোজে দেওয়ার পরবর্তী সময়ে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক কোভিড-19 প্রতিরোধ করছে এমন দেখা গিয়েছে। কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা দেওয়ার সময়সীমা বর্তমানে অজ্ঞাত।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক এর ঝুঁকিগুলি কি কি?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের যে যে পার্শ্বপ্রতিক্রিয়ার বিবরণ দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছেঃ

- ইঞ্জেকশন দেওয়ার স্থানে প্রতিক্রিয়াঃ ব্যাথা, ত্বকের লালচে ভাব এবং ফুলে ওঠা।
- সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলিঃ মাথাব্যাথা, খুব ক্লান্তির অনুভূতি, পেশী বা মাসলে ব্যাথা, বমি বমি ভাব, এবং জ্বর।

খুব সামান্য সম্ভাবনা আছে যে জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়ার কারণ হতে পারে। মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া সাধারণত জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের একটি ডোজ গ্রহণ করার কয়েক মিনিট থেকে এক ঘন্টার মধ্যে হয়ে থাকে। এই কারণে, আপনার প্রতিষেধক প্রদানকারী হয়ত আপনাকে টীকাকরণের পর পরীক্ষণের জন্য যেখানে আপনি প্রতিষেধক গ্রহণ করবেন সেখানে থাকতে বলতে পারেন। মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে অন্তর্ভূক্ত থাকতে পারেঃ

- শ্বাসকষ্ট,
- মুখ এবং গলা ফুলে যাওয়া,
- দ্রুত হৃদস্পন্দন,
- আপনার সারা শরীরে বাজে র‍্যাশ বা ফুসকুড়ি,
- মাথাঘোরা এবং দূর্বলতা।

এইগুলি হয়ত জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের সমস্ত সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া নয়। গুরুতর এবং অপ্রত্যাশিত প্রভাবগুলিও হয়ত ঘটতে পারে। জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের এখোনো ক্লিনিক্যাল ট্রায়ালে অধ্যয়ন করা হচ্ছে।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলির ব্যাপারে আমার কি করা উচিৎ?

আপনি যদি মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া অনুভব করেন, 9-1-1-এ কল করুন, অথবা সবচেয়ে কাছের হাসপাতালে যান।

যদি আপনার কোনও পার্শ্বপ্রতিক্রিয়া থাকে যা আপনার অস্বস্তির কারণ হয় বা না চলে যায় তাহলে প্রতিষেধক প্রদানকারী অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিষেধকের পার্শ্বপ্রতিক্রিয়াগুলি **FDA/CDC প্রতিষেধক প্রতিকূল ঘটনা রিপোর্টিং সিস্টেম (VAERS) - এ রিপোর্ট করুন।** VAERS টোল-ফ্রি (শুল্ক-মুক্ত) নম্বর হল 1-800-822-7967 অথবা https://vaers.hhs.gov/reportevent.html এখানে আপনি অনলাইন রিপোর্ট করতে পারেন। অনুগ্রহকরে রিপোর্ট ফর্মে #18 নং বাক্সে প্রথম লাইনে “জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক EUA” অন্তর্ভূক্ত করুন।
এছাড়াও, আপনি জ্যানসেন বায়োটেক, ইনকে নিচে দেওয়া যোগাযোগ তথ্যের মাধ্যমে পার্শ্বপ্রতিক্রিয়াগুলি রিপোর্ট করতে পারেন।

ই-মেল	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বরগুলি
JNJvaccineAE@its.jnj.com	215-293-9955	US টোল ফ্রি: 1-800-565-4008 US টোল: (908) 455-9922

আপনাকে **v-safe** এ নথিভূক্ত করার একটি বিকল্পও দেওয়া হতে পারে। **V-safe** একটি নতুন ঐচ্ছিক স্মার্টফোন-নির্ভর টুল যা টেক্সট মেসেজিং এবং ওয়েব সার্ভে ব্যবহার করে টীকাকরণ হয়েছে এমন ব্যক্তিদের চিহ্নিত করে কোভিড-19 টীকাকরণের পর সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলি শনাক্ত করে। **V-Safe** এমন প্রশ্ন জিজ্ঞেস করে যা CDC কে কোভিড-19 প্রতিষেধকের নিরাপত্তার উপর নজর রাখতে সাহায্য করে। এছাড়াও **V-safe,** CDC দ্বারা সরাসরি টেলিফোনের মাধ্যমে ফলো-আপ উপলব্ধ করে যদি অংশগ্রহণকারী কোভিড-19 টীকাকরণের পর উল্লেখযোগ্য স্বাস্থ্য সংক্রান্ত প্রভাব রিপোর্ট করে। কিভাবে সাইন আপ করবেন এই সম্পর্কে আরো তথ্য জানার জন্য, এখানে দেখুন www.cdc.gov/vsafe

যদি আমি জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক না নিতে সিদ্ধান্ত নিই তাহলে কি হবে?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক নেবেন কি নেবেন না সেটা আপনার পছন্দ। যদি আপনি না নিতে সিদ্ধান্ত নেন, এটা আপনার স্ট্যান্ডার্ড বা আদর্শ চিকিৎসাগত সেবা নেওয়াতে কোনও পরিবর্তন করবে না।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক না নেওয়া ছাড়া কোভিড-19 প্রতিরোধ করার আরো কোনও বিকল্প আছে কি?

বর্তমানে, কোভিড-19 এর প্রতিরোধ করার জন্য অন্য কোনও FDA অনুমোদিত বিকল্প প্রতিষেধক উপলব্ধ নয়। আপৎকালীন ব্যবহার অনুমোদনের অধীনে কোভিড-19 প্রতিরোধ করার জন্য অন্যান্য প্রতিষেধক উপলব্ধ থাকতে পারে।

আমি কি জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের সঙ্গে অন্য কোনও প্রতিষেধক গ্রহণ করতে পারি?

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের সঙ্গে অন্য কোনও প্রতিষেধকগুলি ব্যবহারের সম্পর্কে কোনও তথ্য নেই।

যদি আমি গর্ভবতী হই বা স্তন্যদান করে থাকি তাহলে কি হবে?

যদি আপনি গর্ভবতী থাকেন বা স্তন্যদান করেন, আপনার চিকিৎসাসেবা প্রদানকারীর সঙ্গে আপনার বিকল্পগুলি নিয়ে আলোচনা করুন।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক কি আমাকে কোভিড-19 দিতে পারে?

না। জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের মধ্যে SARS-CoV-2 নেই এবং আপনাকে কোভিড-19 দিতে পারে না।

আপনার টীকাকরণের কার্ড রেখে দিন

যখন আপনি জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক গ্রহণ করবেন, তখন আপনাকে একটি টীকাকরণ কার্ড দেওয়া হবে যাতে প্রতিষেধকের নাম এবং কোন তারিখে আপনি প্রতিষেধক গ্রহণ করেছেন এই তথ্যগুলি দেওয়া থাকবে।

অতিরিক্ত তথ্য

আপনার যদি কোনও প্রশ্ন থাকে অথবা জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক তথ্য পত্রের সাম্প্রতিকতম সংস্করণ দেখতে চান, আপনার ডিভাইসে নিচে দেওয়া QR কোড স্ক্যান করুন, ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া

টেলিফোন নম্বরে কল করুন।

QR কোড	তথ্য পত্র ওয়েবসাইট	টেলিফোন নম্বরগুলি
	www.janssencovid19vaccine.com.	US টোল ফ্রি: 1-800-565-4008 US টোল: (908) 455-9922

কিভাবে আমি আরো জানতে পারি?

- প্রতিষেধক প্রদানকারীকে জিজ্ঞেস করুন।
- CDC-তে দেখুন এখানে https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html
- FDA-তে দেখুন এখানে https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization.

আপনার স্থানীয় অথবা স্টেটস পাবলিক হেলথ ডিপার্টমেন্টের (জন স্বাস্থ্য বিভাগ) সঙ্গে যোগযোগ করুন।

আমার টীকাকরণ সম্পর্কিত তথ্য কোথায় রেকর্ড করা হবে?

প্রতিষেধক প্রদানকারী হয়ত আপনার টীকাকরণের তথ্য আপনার রাজ্য/স্থানীয় আইনগত অধিকারের এলাকার প্রতিষেধক প্রদান তথ্য সিস্টেম (IIS) অথবা অন্য নির্দেশিত সিস্টেমে অন্তর্ভূক্ত করতে পারেন। IIS সম্পর্কিত আরো তথ্যের জন্য এখানে দেখুন https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html

আঘাতজনিত বিপদ-প্রতিরোধমূলক ক্ষতিপূরণ কর্মসূচী কি?

আঘাতজনিত বিপদ-প্রতিরোধমূলক ক্ষতিপূরণ কর্মসূচী (CICP) একটি ফেডারেল কর্মসূচী যা হয়ত নির্দিষ্ট ব্যক্তির চিকিৎসাগত এবং অন্য নির্দিষ্ট খরচ বহন করতে সাহায্য করে, যারা নির্দিষ্ট ওষুধ বা প্রতিষেধক দ্বারা গুরুতর ভাবে আহত হয়েছে, যার মধ্যে এই প্রতিষেধকটিও রয়েছে। সাধারণত, CICP এর কাছে প্রতিষেধক গ্রহণকরার দিন থেকে এক (1) বছরের মধ্যে দাবীটি অবশ্যই জমা দিতে হবে। এই কর্মসূচীর বিষয়ে আরো জানতে হলে, এখানে দেখুন www.hrsa.gov/cicp অথবা 1-855-266-2427 এই নম্বরে কল করুন।

আপৎকালীন ব্যবহার অনুমোদন (EUA) কি?

ইউনাইটেড স্টেটস FDA জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকটিকে EUA নামক একটি আপৎকালীন অ্যাকসেস পদ্ধতির মাধ্যমে উপলব্ধ করেছে। EUAটি স্বাস্থ্য এবং মানব পরিষেবা (HHS) এর সচিবের (সেক্রেটারীর)ঘোষণার দ্বারা সমর্থিত যে কোভিড-19 বিশ্বব্যাপী অতিমারীর সময়ে বাস্তবিক এমন পরিস্থিতি যে ওষুধ এবং জীববিজ্ঞান সংক্রান্ত পণ্যের আপৎকালীন ব্যবহার যুক্তিযুক্ত।

একটি FDA-অনুমোদিত বা সুনিশ্চিত করা পণ্য যে প্রকারের পর্যালোচনার মধ্যে দিয়ে অতিক্রম করে, জ্যানসেন কোভিড-19 প্রতিষেধক সেরকম করেনি। FDA হয়ত একটি EUA জারী করে যখন নির্দিষ্ট কিছু মাপকাঠি পূরণ হয়েছে, যার মধ্যে অন্তর্ভূক্ত যে এর কোনও যথেষ্ট, অনুমোদিত, এবং উপলব্ধ বিকল্প নেই। এছাড়াও, FDA-এর

সিদ্ধান্ত উপলব্ধ বৈজ্ঞানিক সাক্ষ্যপ্রমাণের সমগ্রতার উপর নির্ভর করে যাতে দেখা যায় যে পণ্যটি কোভিড-19 বিশ্বব্যাপী অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধ করতে কার্যকরী হতে পারে এবং পণ্যটির জ্ঞাত এবং সম্ভাব্য সুবিধাগুলি পণ্যটির জ্ঞাত ঝুঁকিগুলির চেয়ে অধিকতর গুরুত্বপূর্ণ হয়। কোভিড-19 বিশ্বব্যাপী অতিমারীর সময় পণ্যটিকে ব্যবহার করার অনুমতি দেবার জন্য এই মাপকাঠিগুলির প্রত্যেকটি অবশ্যই পূরণ করতে হবে।

জ্যানসেন কোভিড-19 প্রতিষেধকের জন্য EUAটি কোভিড-19 এর সময়ে এই পণ্যগুলির যুক্তিপূর্ণ আপৎকালীন ব্যবহারের ঘোষণার সময়ে কার্যকর তাছে, যতক্ষণ না সমাপ্ত বা প্রত্যাহার করা হচ্ছে (যার পর পণ্যটি হয়ত আর ব্যবহৃত হবে না)।

যার দ্বারা উৎপাদিত হয়েছেঃ
জ্যানসেন বায়োটেক, ইনক.
জনসন & জনসনের একটি জ্যানসেন ফার্মাসিউটিক্যাল কোম্পানি
হরশাম, PA 19044, USA

janssen | PHARMACEUTICAL COMPANIES OF Johnson & Johnson

© 2021 জ্যানসেন ফার্মাসিউটিক্যাল কোম্পানি

আরো তথ্যের জন্য US টোল ফ্রি: 1-800-565-4008, US টোল: (908) 455-9922 এই নম্বরে কথা বলুন অথবা www.janssencovid19vaccine.com - এ যান।

সংশোধিত : ফেব্রুয়ারী/27/2021

স্ক্যান করুন দেখার জন্য যে এই তথ্য পত্রটি প্রতিষেধক গ্রহণকারীকে উপলব্ধ করা হয়েছে ইলেক্ট্রনিক মেডিক্যাল রেকর্ড/টীকাকরণ তথ্য সিস্টেমস এর জন্য।

বারকোড তারিখ 02/2021

FDA এই অনুবাদটি একটি বিস্তৃত আন্তর্জাতিক পাঠকসম্প্রদায়ের জন্য পরিষেবা হিসেবে উপস্থিত করেছে। আমরা আশা করি আপনি এই অনুবাদটি প্রয়োজনীয় বলে মনে করবেন। যদিও এজেন্সিটি ইংরেজী সংস্করণের প্রতি যতটা বিশ্বস্ত থাকা সম্ভব সেই অনুযায়ী অনুবাদ করানোর চেষ্টা করেছে, তবুও আমরা স্বীকার করছি যে অনুবাদিত সংস্করণটি ইংরেজী সংস্করণের মতো যথাযথ, স্পষ্ট অথবা সম্পূর্ণ নাও হতে পারে। এই নথিটির আনুষ্ঠানিক বা অফিসিয়াল সংস্করণ হল ইংরেজী সংস্করণ।